

প্রধানমন্ত্রীর সঙ্গে শিক্ষক সমিতি ফেডারেশন প্রতিনিধিদের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে শিক্ষার মানোন্নয়ন এবং নতুন সহস্রাব্দের চ্যালেঞ্জ মোকাবিলায় জাতিকে প্রস্তুত করায় অবদান রাখার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। প্রতিনিধিদের নেতৃত্বে দেন ফেডারেশনের সভাপতি শেখ আমানুল্লাহ। বাসস।

প্রধানমন্ত্রী বলেন, 'শিক্ষা খাতে সার্বিক উন্নয়ন আমরা দেখতে চাই।' পরীক্ষায় ক্রমবর্ধমান হারে ছাত্রছাত্রীদের অকৃতকার্যতার প্রসঙ্গ উল্লেখ করে শেখ হাসিনা বলেন, এতে অভিভাবকদের উপর চাপ সৃষ্টি হচ্ছে এবং ছাত্রছাত্রীরা হতাশ হয়ে পড়ছে। তিনি যথাযথ দিকনির্দেশনার মাধ্যমে পরীক্ষায় ছাত্রছাত্রীদের অকৃতকার্যতার হার হ্রাসে সাহায্য করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

শেখ হাসিনা বলেন, 'শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্রছাত্রীদের ওপর চাপ বৃদ্ধি পাওয়ায় রাজধানীতে আরো ১০টি স্কুল স্থাপন করা হবে।

সাক্ষাৎকালে ফেডারেশনের মহাসচিব কাজি ফারুক আহমেদ প্রধানমন্ত্রীর কাছে বেশ কিছু দাবি দাওয়া পেশ করেন। প্রধানমন্ত্রী ধৈর্য ধরে তাদের সমস্যার কথা শোনেন এবং তা খতিয়ে দেখার আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী এ এইচ এস কে সাদেক এ সময় উপস্থিত ছিলেন।